

## এক শিক্ষক সাময়িক বরখাস্ত, অপরাধকে শোকজ

না'গঞ্জ ছাত্রীর আত্মহত্যা

■ নারায়ণগঞ্জ প্রতিনিধি

নারায়ণগঞ্জে শিক্ষকদের করা অপমান সহ্য করতে না পেরে স্কুল ছাত্রী উম্মে হাবিবা শাবগীর আত্মহত্যার ঘটনায় অভিযুক্ত ২ স্কুল শিক্ষকের বিরুদ্ধে ব্যবস্থা নিয়েছে স্কুল কর্তৃপক্ষ। এদের মধ্যে কামরুল হাসান মুরা নামে এক শিক্ষককে স্কুল থেকে সাময়িক বরখাস্ত এবং নাসিরন সুলতানাকে শোকজ করা হয়েছে। গতকাল শনিবার স্কুল ম্যানেজিং কমিটির জরুরি সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। গত বৃহস্পতিবার শহরের 'গণবিদ্যা' নিকেতন স্কুলের প্রভাতী শাখার নবম শ্রেণির বিজ্ঞান বিভাগের ছাত্রী উম্মে হাবিবা শাবগীকে পরীক্ষায় নকল করার অভিযোগ তুলে স্কুলের মাঠে দাঁড় করিয়ে রাখা হয়। এক পর্যায়ে তাকে পরীক্ষা থেকে বহিষ্কার করা হয়েছে জানিয়ে স্কুল থেকে বের করে দেয়া হয়। অপমান সহ্য করতে না পেরে শাবগী বাসায় ফিরে একটি সুইসাইড নোট লিখে গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করে।